



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৪৩৫/নতুন/টাং/ ২৩০

তারিখ : ২৬/০৯/২০২০

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২০/০৭/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.১২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নাইকানীবাড়ী আলহাজ্ব হায়দার হামিদ মডেল জুনিয়র স্কুল-এর ০১/০১/২০২০ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) অস্থায়ীভাবে একাডেমী স্বীকৃতি প্রদান করা হলো।

## শর্তসমূহ

- এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষককে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা প্রস্তুত করে শ্রেণি কক্ষে পাঠদান দিতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহপাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষরোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা যৌথনামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- বিদ্যালয়ে জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে। বিদ্যালয়ে জেএসসি পরীক্ষার্থী সংখ্যা ও ফল আরো বৃদ্ধি করতে হবে।
- বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

নাইকানীবাড়ী আলহাজ্ব হায়দার হামিদ মডেল জুনিয়র স্কুল  
পোঃ- মিরিকপুর, উপজেলা- বাসাইল  
জেলা- টাঙ্গাইল।

মেমো নং-

২৩০(৭)

তারিখ : ২৬/০৯/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- সভাপতি, নির্বাহী কমিটি, নাইকানীবাড়ী আলহাজ্ব হায়দার হামিদ মডেল জুনিয়র স্কুল।
- অফিস কপি।

২৭/০৯/২০২০

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

২০২০  
২৭/০৯/২০২০